



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

কৃষি ঋণ ও স্পেশাল প্রোগ্রামস বিভাগ
(শিল্প উপ বিভাগ)

সূত্র নং-এসিএসপিডি সার্কুলার নং ০২

তাং ১৮/০৩/২০০৮ ইং

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

স্মল এন্ড মিডিয়াম এন্টারপ্রাইজ খাতে মহিলা উদ্যোক্তাদের পুনঃঅর্থায়ন স্কীম।

উপরোক্ত বিষয়ে ০৭-০২-০৭ তারিখে জারীকৃত এসিএসপিডি সার্কুলার নং-০১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

দেশের শিল্প উন্নয়নকে সুষম ও সুসংগঠিত করার লক্ষ্যে ক্ষুদ্র ও মাঝারি শিল্পে (এসএমই) নারী উদ্যোক্তাদের জন্য সহজস্বর্তে অধিকতর প্রাতিষ্ঠানিক ও আর্থিক সুবিধা নিশ্চিত করতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ০৭/০২/২০০৭ তারিখে জারীকৃত এসিএসপিডি সার্কুলার নং-০১ এর কতিপয় সংশোধনী আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নে উল্লেখ করা হলো :

১) ক্ষুদ্র ও মাঝারি মহিলা শিল্প উদ্যোক্তাদের “সকল ধরনের ঋণ আবেদন পত্রসমূহ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক সর্বোচ্চ অগ্রাধিকার ভিত্তিতে গ্রহণ ও নিষ্পত্তি করবে এবং আবেদন প্রাপ্তির তারিখ হতে একটি যৌক্তিক সময়ের মধ্যে অর্থায়নকারী প্রতিষ্ঠান কর্তৃক তা নিষ্পত্তি করতে হবে।

২) প্রতিটি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে আবশ্যিকভাবে স্বতন্ত্র “Women Entrepreneur’s dedicated desk” স্থাপন ও তাতে প্রয়োজনীয় উপযুক্ত জনবল নিয়োগ করতঃ তাদেরকে SME খাতে অর্থায়নে সহায়ক ও প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা। উক্ত dedicated desk এর প্রধান হিসেবে সম্ভব হলে “নারী কর্মকর্তা” নিয়োগের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

৩) প্রস্তাবিত “Women Entrepreneur’s dedicated desk” কর্তৃক নারী উদ্যোক্তাদের প্রকল্প প্রণয়ন, বাস্তবায়ন ও ঋণ আবেদন প্রক্রিয়াসহ ব্যাংকিং সম্পর্কিত সম্যক জ্ঞান/কৌশল বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪) প্রকৃত নারী উদ্যোক্তা চিহ্নিত করার জন্য বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)/এসএমই ফাউন্ডেশন/ অন্যান্য পেশাজীবী সংগঠনের যেমন-হ্যান্ডলুম/হ্যান্ডিক্রাফটস এসোসিয়েশন/মহিলা সমিতি ইত্যাদি/বিভিন্ন নারী উদ্যোক্তা সংগঠন যেমন, বাংলাদেশ উইম্যান চেম্বার অব কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রিজ (BWCCI)/উইম্যান এন্টারপ্রেনার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (WEAB)/বাংলাদেশ হোমওয়ার্কার্স উইম্যান এসোসিয়েশন (BHWA)/ন্যাশনাল এসোসিয়েশন অব স্মল এ্যান্ড কটেজ ইন্ডাস্ট্রিজ অব বাংলাদেশ (NASIB) ইত্যাদি প্রতিষ্ঠানের সহযোগিতা গ্রহণ করা যেতে পারে।

৫) নারী শিল্প উদ্যোক্তাদের ক্ষেত্রে ঋণ মঞ্জুরী প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণার্থে অর্থায়নকারী প্রতিষ্ঠানসমূহ দলিলাদি সম্পাদনে যথাসম্ভব স্বল্প আনুষ্ঠানিকতা অনুসরণ করবে। এজন্য SME খাতের মহিলা উদ্যোক্তাদের সুবিধার্থে প্রতিটি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান এ খাতে অর্থায়নে আলাদা ব্যবসায়িক কৌশল বা Business Strategy নেয়াসহ এ খাতে ঋণ মঞ্জুরী প্রক্রিয়া সহজতর করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

-২-

৬) এসএমই ফাউন্ডেশন এবং অর্থায়নকারী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ নারী উদ্যোক্তা সংক্রান্ত এ সকল সুবিধাদির বিষয়ে সকল প্রকার প্রচার মাধ্যমে প্রচারণার ব্যবস্থা গ্রহন করবে।

৭) পুনঃঅর্থায়ন তহবিলের বিপরীতে ঋণ গ্রহীতা “নারী শিল্প উদ্যোক্তা” হলে বা ঋণ গ্রহীতা প্রতিষ্ঠানের মালিকানায় সংখ্যাগরিষ্ঠ উদ্যোক্তা নারী হলে ‘সে সকল প্রতিষ্ঠান/উদ্যোক্তাকে সংশ্লিষ্ট Enterprise/Venture সংশ্লিষ্ট সম্পদ (যন্ত্রপাতি বা ব্যবসায় সংরক্ষিত দ্রব্যাদি/কাঁচামাল ইত্যাদি) ও শুধুমাত্র ব্যক্তিগত জামানত (Personal Gurantee) এর বিপরীতে সর্বোচ্চ ২৫.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ সুবিধা প্রদানের বিষয়টি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহ বিবেচনা করতে পারে।

সার্কুলার-১ এ বর্ণিত অন্যান্য বিষয়সমূহ অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত /=

(মোঃ আবদুল হক)
মহাব্যবস্থাপক
ফোন : ৭১২০৯৪৭